



বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

Bangabandhu Sheikh Mujib Medical University

শাহবাগ, ঢাকা, বাংলাদেশ।

স্মারক নং- বিএসএমএমইউ/২০২৪/২৫২৮

তারিখ: ০৪/৩/২০২৪ খ্রিঃ

অভ্যন্তরীণ পদোন্নয়ন বিজ্ঞপ্তি


বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের কর্মচারী (গ্রেড: ২০-১০) নিয়োগ, পদোন্নতি ও পদোন্নয়ন সংবিধির ধারা ৭ মোতাবেক নিম্ন বর্ণিত গুণ্য পদে পদোন্নয়নের মাধ্যমে পূরণের জন্য বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মচারীদের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে :

ক্র.নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	প্রশাসনিক কর্মকর্তা জাতীয় বেতন স্কেল, ২০১৫ ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড- ১০)	০৫ টি	ফিডার পদ : প্রধান সহকারী/কম্পিউটার অপারেটর/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/সমমান পদ। কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। অভিজ্ঞতাঃ ফিডার পদে ন্যূনপক্ষে ৬(ছয়) বৎসর চাকুরির অভিজ্ঞতা। চাকুরিকালীন প্রশিক্ষণ পদোন্নয়নের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হইবে। কর্মসম্পাদন ও দক্ষতাঃ পদোন্নতির ক্ষেত্রে বিবেচ্য সময় কালের ধারাবাহিক ৩(তিন) বৎসরের কর্মসম্পাদন ও দক্ষতার নম্বর ন্যূনপক্ষে ৮০% এর উপরে হইতে হইবে।
২.	ব্যক্তিগত কর্মকর্তা জাতীয় বেতন স্কেল, ২০১৫ ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড- ১০)	০৫ টি	ফিডার পদ : প্রধান সহকারী/কম্পিউটার অপারেটর/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/সমমান পদ। কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। অভিজ্ঞতাঃ ফিডার পদে ন্যূনপক্ষে ৬(ছয়) বৎসর চাকুরির অভিজ্ঞতা। চাকুরিকালীন প্রশিক্ষণ পদোন্নয়নের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হইবে। কর্মসম্পাদন ও দক্ষতাঃ পদোন্নতির ক্ষেত্রে বিবেচ্য সময় কালের ধারাবাহিক ৩(তিন) বৎসরের কর্মসম্পাদন ও দক্ষতার নম্বর ন্যূনপক্ষে ৮০% এর উপরে হইতে হইবে।

শর্তাবলী :

১. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bsmmu.ac.bd) থেকে আবেদনপত্র সংগ্রহ করা যাবে।
২. প্রার্থীকে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রসিদ ছবিসহ ০৩ (তিন) সেট আবেদনপত্র দাখিল করতে হবে।
৩. সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও চাকুরিকালীন প্রশিক্ষণ (যদি থাকে) এর সনদের সত্যায়িত কপি, সর্বশেষপ্রাপ্ত টাইম স্কেল/সিলেকশন গ্রেড পেয়ে থাকলে এর অফিস আদেশের ফটোকপি সংযুক্ত করতে হবে।
৪. প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৫. প্রার্থীগণকে আবেদনপত্রের সাথে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে পূর্বালী ব্যাংক লিমিটেড, ঢাকার শাহবাগ এভিনিউ শাখায় ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।
৬. আবেদন পত্রের খামের উপর পদের নাম ও খামের বাম পার্শ্বে প্রেরকের নাম ও ঠিকানা লিখতে হবে।
৭. আগামী ০৪/৫/২০২৪ তারিখ বেলা ২.৩০ ঘটিকার মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে (ব্লক-বি, ৩য় তলা, কক্ষ নং-২১৯) আবেদনপত্র জমা দিতে হবে।
৮. পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
৯. কোনো প্রার্থীর একাধিক পদে আবেদন করার প্রয়োজন নেই। ক্রমিক নং-১ থেকে ২ এ বর্ণিত পদের ক্ষেত্রে একটি আবেদনই উভয় পদের আবেদন হিসেবে বিবেচ্য হবে।
১০. অফিস/বিভাগীয় প্রধান কর্তৃক বাৎসরিক কর্মসম্পাদন ও দক্ষতা মূল্যায়নের সনদপত্র সংযুক্ত করতে হবে।
১১. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিলযোগ্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,


(অধ্যাপক মোহাম্মদ হাফিজুর রহমান)
রেজিস্ট্রার